

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০৫.১৮. ৪৭১

তারিখঃ ২৪ কার্তিক ১৪২৫
০৮ নভেম্বর ২০১৮

অভিযোগনামা

যেহেতু, জনাব মোহাম্মদ মেহেবুল্লাহ খান (১৬৯৮৬), সহযোগী অধ্যাপক (ইতিহাস), অধ্যক্ষ, গৃদকালিন্দিয়া হাজেরা হাসমত ডিগ্রি কলেজ, ফরিদগঞ্জ, চাঁদপুর এর বিরুদ্ধে বিভিন্ন দুর্নীতিসহ অর্থ আত্মসাতের অভিযোগ উত্থাপিত হয়েছে;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ)(ই) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ)(ই) মোতাবেক “অসদাচরণ” ও “দুর্নীতি” এর অভিযোগে অভিযুক্ত করা হলো এবং উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে আপনাকে কেন “চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)” করা হবে না অথবা বর্ণিত বিধিমালার আওতায় অন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ এ বিধির ৭(১) (খ) ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগবিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

সোহরাব হোসাইন

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব

জনাব মোহাম্মদ মেহেবুল্লাহ খান (১৬৯৮৬)

সহযোগী অধ্যাপক (ইতিহাস)

অধ্যক্ষ, গৃদকালিন্দিয়া হাজেরা হাসমত ডিগ্রি কলেজ, ফরিদগঞ্জ, চাঁদপুর।

স্থায়ী ঠিকানা:

জনাব মোহাম্মদ মেহেবুল্লাহ খান

পিতা নাম: নূর মোহাম্মদ খান

গ্রাম: গৃদকালিন্দিয়া, ডাকঘর: গৃদকালিন্দিয়া

থানা: ফরিদগঞ্জ, জেলা: চাঁদপুর।

অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

যেহেতু, জনাব মোহাম্মদ মেহেবুল্লাহ খান (১৬৯৮৬), সহযোগী অধ্যাপক (ইতিহাস), অধ্যক্ষ, গৃদকালিন্দিয়া হাজেরা হাসমত ডিগ্রি কলেজ, ফরিদগঞ্জ, চাঁদপুর এর বিরুদ্ধে বিভিন্ন দুর্নীতিসহ অর্থ আত্মসাতের অভিযোগ উত্থাপিত হয়েছে;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ)(ই) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, জনাব মোহাম্মদ মেহেবুল্লাহ খান (১৬৯৮৬), সহযোগী অধ্যাপক (ইতিহাস), অধ্যক্ষ, গৃদকালিন্দিয়া হাজেরা হাসমত ডিগ্রি কলেজ, ফরিদগঞ্জ, চাঁদপুর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(ঘ)(ই) অনুযায়ী "অসদাচরণ" ও "দুর্নীতি" এর অভিযোগে অভিযুক্ত করা হলো।

স্বাক্ষর

০৮. ১১. ২০১৮

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব